দৈনিক বাংলা

তারিখ ... 17 JAN 1991 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৫ ...

170

26

# ছাত্র ঐক্য আজ কালো তালিকা চূড়ান্ত করবে

।।বিশ্ববিদ্যালয় রিপোর্টার।।

ক্ষমতাচ্যুত এরশাদ সরকারের যে সকল সহযোগী সংসদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য তিন জোট ভুক্ত রাজনৈতিক দলগুলো থেকে মনোনয়ন পেয়েছে তাদের তালিকা তৈরীর জন্য সর্বদলীয় ছাত্র ঐক্য আজ আবার বৈঠকে বসবে। ছাত্র নেতৃবৃন্দের কাছে এ পর্যন্ত এরশাদের সহযোগী হিসাবে প্রায় ১৫ জনের নাম জমা পড়েছে বলে জানাগেছে।

গত মঙ্গলবার ডাকসু ভবনে ছাত্র ঐক্যের যে সভা হয় তাতে এরশাদের সহযোগী কারা এটা নির্ধারণ নিয়ে বিতর্ক দেখা দেয়। শেষ পর্যন্ত তিনটি বিষয়ের ভিত্তিতে এরশাদের সহযোগীদের চিহ্নিত করার সিদ্ধান্ত নেয়া হয়। এগুলি হচ্ছে একঃ যারা জাতীয় পার্টির কেন্দ্রীয় পর্যায় থেকে উপজেলা পর্যায় পর্যন্ত বিভিন্ন কমিটিতে ছিলেন, দুইঃ এরশাদের দূনীর্তির ঘনিষ্ঠ সহযোগী সামরিক-বেসামরিক আমলা, তিনঃ এরশাদের লুটপাটের সহযোগী শিল্পপতি ও ব্যবসায়ী। এসব অভিযোগের ভিত্তিতে আজকের সভায় 'কালো তালিকা' চূড়ান্ত করা হবে।

সর্বদলীয় ছাত্র ঐক্যের একজন নেতা জানান, তালিকা চূড়ান্ত হওয়ার পর ছাত্র ঐক্য রাজনৈতিক দলগুলির নেতৃবৃন্দের সঙ্গে দেখা করে কালো তালিকাভুক্তদের মনোনয়ন বাতিলের দাবী জানাবে। যদি রাজনৈতিক দলগুলি মনোনয়ন বাতিল না করে তবে ছাত্র ঐক্য এদের বিরুদ্ধে তার কর্মসূচী ঘোষণা করবে।